

২৭/০৬/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

অধিবেশন নং.

স্থান: ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর এর কার্যালয়।

তারিখ-২৭/০৬/২০২৪ খ্রি.

সময় : সকাল- ১০.০০ ঘটিকা

ক্র. নং	নাম ও পদবী	পদবী	স্বাক্ষরিত
১	চেয়ারম্যান, ১নং মুকুন্দপুর ইউপি	সদস্য	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, ৬নং জোতবানী ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, ৫নং বিনাইল ইউপি	সদস্য	স্বাক্ষরিত
৪	মোঃ জাহিদুল ইসলাম ইলিয়াস, উপজেলা কৃষি অফিসার (ভাঃ প্রাঃ), বিরামপুর	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় সমূহঃ

১। খরিপ-২/২০২৪-২০২৫ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।

২। আমন ফসল চাষাবাদে আদর্শ বীজতলা তৈরী, লাইন, লোগো, পার্চিং ও আলোক ফাঁদ এর ব্যবহার।

৩। বিবিধ।

অধ্যকার সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং উপজেলা কৃষি অফিসার বিরামপুরকে আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

১নং খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন আবাদ ও উৎপাদন।

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৭৪৪৫ হে. এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ৮১২০১ মে.টন নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৫২০ হেক্টরের বীজতলা তৈরী করা হয়েছে। বীজতলার চারার অবস্থা ভালো। সেচের কোথাও কোন সমস্যা নেই।


২নং আমন ফসল চাষাবাদে আদর্শ বীজতলা তৈরী, লাইন, লোগো, পার্চিং ও আলোক ফাঁদ এর ব্যবহার

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, যে সকল জমিতে আগাম আলু বপন করা হবে সে সকল জমিতে রোপা আমন লাগানো হচ্ছে এবং রোগ ও পোকামাকড়ের আক্রমণ কমানো ও ফলন বৃদ্ধির জন্য রোপা আমনে লাইন, লোগো করা হচ্ছে। বর্তমানে নিয়মিত বৃষ্টি হওয়ার কারণে সেচের কোন সমস্যা নেই।

৩নং বিবিধ আলোচনা-

উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, রবি মৌসুমে ১৫২১৫ হে. জমিতে বোরো ফসলের আবাদ হয়েছে এবং উৎপাদন লক্ষ্যমাত্রা ১০২৬১৩ মে. এর বিপরীতে ১০৮৩৪৫ মে.টন বোরো উৎপাদন হয়েছে। বোরো ধানের বাজার দর ভালো থাকায় কৃষকেরা লাভবান হয়েছেন। ধানের বাজার দর স্থিতিশীল থাকলে আগামী অর্থবছরে আরো বোরো ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধি পাবে। খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে কৃষি উপকরনাদি (বীজ ও সার) প্রাপ্তির, সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। বীজ ও সারের মনিটরিং জোরদার করা হয়েছে।

অতপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।


সভাপতি

উপজেলা পরিষদ কৃষি ও সেচ বিষয়ক কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

তারিখ ২৭/০৬/২০২৪ খ্রি.

স্মারক নং: ১২.১৮.২৭১০.০৪১.৯৯.০১৮.২৪. (৬)

অনুলিপি: সদয় অবগতির জন্যঃ

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২) উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য সচিব, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

৩) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি, বিরামপুর, দিনাজপুর।

৪-৬) চেয়ারম্যানইউপি, বিরামপুর, দিনাজপুর।